

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৪৬

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ দুর্নীতি, অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

আরবী

وَعَن عَدِي بنِ عَمِيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُوْلَ اللهِ عَيْلِي يَقُوْلُ مَنِ اسْتَعْمَلْنَاهُ مِنْكُمْ عَلَى عَمَل فَكَتَمَنَا مِخْيَطاً فَمَا فَوْقَهُ كَانَ غُلُولاً يَأْتِي بِه يَوْمَ القِيَامَةِ فَقَامَ إليه رَجُلٌ أُسُودُ مِنَ الْأَنْصَارِ كَأْنِّي أَنْظُرُ إِلَيْهِ فَقَالَ: يَا رَسُولَ اللهِ اقْبَلْ عَنِّي عَمَلَكَ قَالَ وَمَا لَكَ ؟ قَالَ: سَمِعْتَكَ تَقُولُ كَذَا وكَذَا، قَالَ وَأَنَا أَقُولُهُ الآنَ: مَن اسْتَعْمَلْنَاهُ عَلَى عَمَلٍ فَلْيَجِيءُ بِقَلِيلِهِ وَكَثِيرِهِ فَمَا أُوْتِي مِنْهُ أَخَذَ وَمَا نُهِيَ عَنْهُ انْتَهَى رواه مسلم

বাংলা

(২২৪৬) আদী ইবনে আমীরাহ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, আমরা তোমাদের মধ্যে যাকে কোন কাজে নিযুক্ত করি, অতঃপর সে আমাদের কাছে ছুঁচ অথবা তার চেয়ে বেশী (কিংবা কম কিছু) লুকিয়ে নেয়, তো এটা খিয়ানত ও চুরি করা হয়। কিয়ামতের দিন সে তা সঙ্গে নিয়ে হাজির হবে।" এ কথা শুনে আনসারদের মধ্যে একজন কৃষ্ণকায় মানুষ উঠে দাঁড়ালেন, যেন আমি তাকে (এখন) দেখছি। তিনি বললেন, 'হে আল্লাহর রসূল! আপনি (যে কাজের দায়িত্ব আমার উপর অর্পণ করেছিলেন) তা আমার কাছ থেকে ফিরিয়ে নেন।' তিনি বললেন, ''তোমার কি হয়েছে?'' সে বলল, 'আমি আপনাকে এ রকম কথা বলতে শুনলাম।' তিনি বললেন, ''আমি এখনো বলছি যে, যাকে আমরা কোন কাজে নিযুক্ত করি, সে যেন অল্পবেশী (সমস্ত মাল) আমার কাছে নিয়ে আসে। অতঃপর তা হতে তাকে যতটা দেওয়া হবে, তাইই সে গ্রহণ করবে এবং যা হতে তাকে বিরত রাখা হবে, সে তা থেকে বিরত থাকবে।

ফুটনোট

(মুসলিম ৪৮৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন